705

দৈনিক সংবাদ

তারিখ 20 JAN 1996
পৃষ্ঠা ৫ কলাম ২

বাগেরহাট ঃ প্রাথমিক বিদ্যালয় চিত্র

# চাহিদার তুলনায় বরাদ্দ কম ছাত্রদের হাতে বই পৌঁছেনি

বাগেরহাট, ১৯শে জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– বাগেরহাট জেলার ৯টি থানার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষে ছাত্র–ছাত্রীদের বিনামূল্যে পাঠ্যপুস্তক চাহিদার তুলনায় বরাদ্দ কম থাকায় গত বছরের পুরনো বই সংগ্রহ করে বিতরণ করা হচ্ছে। এ অবস্থায় শিক্ষাবর্ষের শুরুতে ছাত্র–ছাত্রীদের হাতে পুস্তক বিতরণে বিলম্ব হওয়ার আশংকা দেখা দিয়েছে।

বাগেরহাট জেলার ৯টি থানার প্রাথমিক বিদ্যালয়সমূহে ডিসেম্বর মাসের শেষে জেলা সদর থেকে ৮ লাখ ৩০ হাজার ৭শ' পাঠ্যপুস্তক ঠিকাদারের মাধ্যমে সরবরাহ করা হয়। থানা সদরে বরাদ্দকৃত বিনামূল্যে বরাদ্দকৃত বিভিন্ন শ্রেণীর পাঠ্যপুস্তক পৌঁছে গেছে।

সংশ্লিষ্ট বিভাগের একটি দায়িত্বশীল সূত্র 'সংবাদ'কে জানায়, ফকিরহাট থানায় ৬৯ হাজার ৭শ', মংলা থানায় ৭৮ হাজার ২শ', মোল্লাহাট থানায় ৭৪ হাজার ৪শ', চিতলমারী থানায় ৭২ হাজার ৪শ', মোরেলগঞ্জ থানায় ২ লাখ ৪ হাজার, শরণখোলা থানায় ৭৬ হাজার, ৭শ', রামপাল থানায় ৮১ হাজার ৯শ', কচুয়া থানায় ৫২ হাজার ৮শ' পাঠ্যপুস্তক বরাদ্দ করা হয়েছে।

এছাড়া অধিদপ্তরের নির্দেশক্রমে জেলার ৯টি থানায় তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর পুরানো বই সংগ্রহ করে তা বিতরণ করা হবে।

এ ব্যাপারে একজন শিক্ষক জানান, শিশুদের হাতে বছরের মধ্যে বই ছেঁড়া এবং নষ্ট হওয়ার সম্ভাবনা বেশি থাকে। ফলে পুরনো অনেক বইয়ের পাতা নেই, এমনকি বিভিন্নভাবে নষ্ট হয়ে তা পড়ার অনুপযোগী। এতে করে অনেক ছাত্র–ছাত্রীর পাঠ্যপুস্তকে এ ধরনের ত্রুটির জন্য তা নানা সমস্যার সৃষ্টি করবে এবং লেখাপড়া ব্যাহত হওয়ার আশংকা রয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক ওই শিক্ষক আরো জানান, অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্যপুস্তক চাহিদার তুলনায় বরাদ্দ কম থাকায় ছাত্র–ছাত্রীদের নানা সমস্যার সৃষ্টি করছে।